গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯১

**রাজশাহীতে বিশ্ব শিক্ষক দিবস উদযাপিত**

রাজশাহী; ২০ আশ্বিন (৫ অক্টোবর):

'শিক্ষকতা পেশা : মিলিত প্রচেষ্টার দীপ্তি'- স্লোগানকে সামনে রেখে রাজশাহীতে বিশ্ব শিক্ষক দিবস উদযাপিত হয়েছে। এ উপলক্ষে রাজশাহী জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে আজ রোববার (৫ অক্টোবর) সকালে কালেক্টরেট চত্বর থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একইস্থানে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে দিবসের প্রতিপাদ্য বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে আলোচনা সভায় রাজশাহী কলেজের অধ্যক্ষ অধ্যাপক মু. যহুর আলী, নিউ গভ. ডিগ্রি কলেজের অধ্যক্ষ অধ্যাপক কালাচাঁদ শীল, অতিরিক্ত জেলা প্রশাসক টুকটুক তালুকদার, জেলা শিক্ষা অফিসার মো. আব্দুল ওয়াহাব প্রমুখ বক্তৃতা করেন।

সভায় বক্তাগণ শিক্ষকদের মর্যাদা ও জাতি গঠনে তাঁদের ভূমিকা বিষয়ে আলোকপাত করেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

...........................................................................
আলীম/তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd